

# রাজারহাটে খালে ধসে পড়া রাস্তা মেরামতের উদ্যোগ পঞ্চায়েতের

সংবাদদাতা, রাজারহাট: রাজারহাট ব্লকের ভাতেগুা ও খামার অঞ্চলে ধসে গিয়েছিল খালপাড় সংলগ্ন রাস্তা। ব্লক প্রশাসন রাস্তার সে অংশ পরিদর্শন করতে এল মঙ্গলবার। বিষ্ণুপুর এক নম্বর গ্রাম পঞ্চায়েতের এই পথটির একটি বড় অংশ মাস ছ'য়েক আগে বিদ্যাধরী খালে ধসে পড়ে। এই এলাকাটি রাজারহাটের শিল্প



অঞ্চল বলে পরিচিত। ফলে প্রতিদিন প্রচুর পণ্যবাহী গাড়ি চলাচল করে। রাস্তা ধসে সংকীর্ণ হয়ে পড়ায় এই পথ পেরতে বর্তমানে দুর্ঘটনার আশঙ্কা তৈরি হয়েছে চালকদের মধ্যে। এই ধসে পড়া অংশ নিয়ে প্রতিবেদন প্রকাশ হয়েছিল বর্তমান সংবাদপত্রে। এলাকার

বাসিন্দাদের বক্তব্য, প্রতিবেদন প্রকাশের অব্যবহিত পরেই তৎপর হল পঞ্চায়েত। মঙ্গলবার ইঞ্জিনিয়ারদের সঙ্গে ঘটনাস্থল পরিদর্শনে আসেন রাজারহাটের বিডিও গোলাম গওসল আজম, পঞ্চায়েত সমিতির সভাপতি প্রবীর কর। রাস্তার ধসে পড়া ও ভাঙা অংশ মাপজোক করে ইঞ্জিনিয়াররা জানান, প্রায় একশো ফুট লম্বা অংশ সংস্কারের নকশা তৈরি হবে। বিডিও বলেন, 'ভাঙা অংশটি প্রাথমিকভাবে মেরামতের খরচের হিসেব হচ্ছে। পরবর্তীকালে সম্পূর্ণ মেরামত করার কাজ হবে। বিষয়টি সেচদপ্তরকেও জানানো হবে।' সমিতির সভাপতি বলেন, 'ধসে পড়া জায়গা দ্রুত মেরামত করার উদ্যোগ নেওয়া হচ্ছে।' - নিজস্ব চিত্র